

## পরীক্ষা

# আলিম পরীক্ষার রুটিন প্রকাশ, পরীক্ষা শুরু ১৭ আগস্ট

নিজস্ব প্রতিবেদক ঢাকা



আলিম পরীক্ষা আগামী ১৭ আগস্ট শুরু হচ্ছে। তত্ত্বীয় অংশের পরীক্ষা চলবে আগামী ২৬ সেপ্টেম্বর পর্যন্ত। মাদ্রাসা শিক্ষা বোর্ড এক বিজ্ঞপ্তিতে আলিম পরীক্ষার রুটিন প্রকাশ করে এসব তথ্য জানিয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ২৭ সেপ্টেম্বর থেকে ৪ অক্টোবর পর্যন্ত ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

চলতি বছর আলিম পরীক্ষা হবে তিন ঘণ্টার। পরীক্ষা শুরু হবে সকাল ১০টায়। লিখিত পরীক্ষায় শেষ হবে বেলা ১টায়। পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে পরীক্ষার্থীকে কেন্দ্রে ঢুকতে হবে।

আলিম পরীক্ষার রুটিন [দেখুন](#) এখানে।



